

একটি অপরাধের ব্যাপারে রিপোর্ট করতে বা আমাদের সাথে যোগাযোগ করতে

- একটি জরুরী ক্ষেত্রে সবসময় ৯৯৯ নম্বরে ফোন করুন।
- একটি অ-জরুরী অপরাধ বা ঘটনার ব্যাপারে রিপোর্ট করতে বা টেম্‌স ভ্যালি পুলিশকে তথ্য জানাতে ০৮৪৫ ৮ ৫০৫ ৫০৫ নম্বরে ফোন করুন।
- ইউনাইটেড কিংডমের বাইরে থেকে টেম্‌স ভ্যালি পুলিশের সাথে যোগাযোগ করতে ০০৪৪ ১৮৬৫ ৮৪১১৪৮ নম্বরে ফোন করুন।
- আপনি যদি একটি অপরাধের ব্যাপারে পুলিশের সাথে কথা বলতে না চান, ক্রাইমস্টপার্সকে ০৮০০ ৫৫৫ ১১১ নম্বরে ফোন করুন। আপনি নাম প্রকাশ না করে তাদের সাথে কথা বলতে পারবেন।

একটি অপরাধের ব্যাপারে রিপোর্ট করার অন্যান্য উপায়গুলি

- আপনি একটি অ-জরুরী অপরাধ বা ঘটনার ব্যাপারে আপনার স্থানীয় পুলিশ স্টেশন খোলা থাকার সময় সেখানে রিপোর্ট করতে পারেন।
- আপনি যদি সন্দেহজনক কিছু দেখেন, অ্যান্টি-টেররিস্ট হটলাইন নম্বর ০৮০০ ৭৮৯ ৩২ ১-তে ফোন করুন।

টেম্‌স ভ্যালি পুলিশ সম্পর্কে

- টেম্‌স ভ্যালি পুলিশ হল ইংল্যান্ড ও ওয়েলশের সর্ববৃহৎ অ-মেট্রোপলিট্যান পুলিশ বাহিনী।
- আমাদের পুলিশী দায়িত্বের মধ্যে পড়ে বার্কশায়ার, বার্কিংহামশায়ার এবং অক্সফোর্ডশায়ার কাউন্টিগুলি এবং আমরা ২.১ মিলিয়ন লোকের জন্য কাজ করি।
- আমরা ১৯৬ মাইল গাড়ি চলার রাস্তার নজরদারী করি - যা অন্য যে কোন ব্রিটিশ পুলিশ বাহিনীর চেয়ে বেশী।
- আমাদের লক্ষ্য হল অংশীদারীতে কাজ করে আমাদের কমিউনিটিকে আরো নিরাপদতর করে তোলা।

নেইবারহুড পুলিশিং বা পাড়া পুলিশী ব্যবস্থা

টেম্‌স ভ্যালির প্রতিটি নেইবারহুড বা পাড়া একটি নিবেদিত নেইবারহুড পুলিশিং টিমের আওতাভুক্ত রয়েছে।

নেইবারহুড পুলিশিং টিমের সাথে টেম্‌স ভ্যালি পুলিশের অ-জরুরী নাম্বার ০৮৪৫ ৮ ৫০৫ ৫০৫-তে যোগাযোগ করা যেতে পারে।

আপনি যদি আমাদের ওয়েবসাইটের কোন কিছু বা অন্য প্রকাশনাগুলির অনুবাদ চান, অনুগ্রহ করে, আমাদের কর্পোরেট কমিউনিকেশন্স ডিপার্টমেন্টের সাথে ০১৮৬৫ ৮৪৬৫৭৮ নম্বরে যোগাযোগ করুন বা

corporatecommunications@thamesvalley.pnn.police.uk -আইডিতে ই-মেল করুন।